দৈনিক সংবাদ

তারিখ 16 NOV 1988
পৃষ্ঠা 7 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

218

## গৌরীপুর মুন্সী ফজলুর রহমান ডিগ্রী কলেজের পরীক্ষা কেন্দ্র বাতিলের নিন্দা

দাউদকান্দি উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ শাজাহান গৌরীপুর মুন্সী ফজলুর রহমান ডিগ্রী কলেজের ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিলের তীব্র নিন্দা ও প্রতিবাদ করেছেন এবং অবিলম্বে পরীক্ষা কেন্দ্র পুনঃস্থাপন করার দাবী জানিয়েছেন।

এক বিবৃতিতে তিনি বলেন, এবারের বন্যায় এই এলাকার জনগণের ধন-সম্পদের মারাত্মক ক্ষতি হয়। এ অবস্থায় এই এলাকার ছাত্রছাত্রীদের দূরের কোন কেন্দ্রে নিয়ে পরীক্ষা দেয়াতে হলে অভিভাবকদের ওপর দারুণ চাপ পড়বে বলে তিনি উল্লেখ করেন।